যুগান্তর

তারিখ ... 27 JUN 2008 ..
পৃষ্ঠা 2 কলাম ৩

# ২২৭২টি প্রতিষ্ঠানের শতভাগ পাস

যুগান্তর রিপোর্ট

২০০৮ সালের এসএসসি ও সমমানের পরীক্ষায় ২ হাজার ২৭২টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে শতকরা ১০০ ভাগ পরীক্ষার্থীই উত্তীর্ণ হয়েছে। বৃহস্পতিবার দুপুরে শিক্ষা মন্ত্রণালয়ে এসএসসি ও সমমানের ফল প্রকাশ উপলক্ষে এক সংবাদ সম্মেলনে শিক্ষা উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান এ তথ্য জানান।

তিনি জানান, এবার সবগুলো বোর্ডে স্কুল, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠান মিলিয়ে ২,২৭২টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে শতভাগ পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। গতবার এই সংখ্যা ছিল ৭৭৪টি। শতভাগ পাস প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে ৪৮৪টি স্কুল, ১৭৭০টি মাদ্রাসা ও ১৮টি কারিগরি প্রতিষ্ঠান। সফল ওই ৪৮৪টি স্কুলের মধ্যে ঢাকা বোর্ডে ১৮৫টি, রাজশাহীতে ৭১টি, কুমিল্লায় ৭২টি, যশোরে ৫৮টি, চট্টগ্রামে ৩১টি, বরিশালে ৪৯টি এবং সিলেটে ১৮টি স্কুলের অবস্থান।